

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০২৩.১৯.১৮৭

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৬

২৩ মে ২০১৯

বিষয়: প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণ প্রসঙ্গে।

জনাব এনামুল হক মনি, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মিরপুর, কুষ্টিয়া তার দায়িত্বপ্রাপ্ত বারুইপাড়া ইউনিয়নের বিভিন্ন সমিতির সদস্যদের নিকট হতে সঞ্চয় ও ঋণের কিস্তিবাদ আদায়কৃত ৫,১৬,৭৫১/- (পাঁচ লক্ষ ষোল হাজার সাতশত একান্ন) টাকা আত্মসাৎ করেছেন। এছাড়া ভূঞা ঋণের সৃজনের মাধ্যমে ৯,৭১,৮০০/- (নয় লক্ষ একাত্তর হাজার আটশত) টাকা আত্মসাৎ করেছেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার, মিরপুর, কুষ্টিয়া লিখিতভাবে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, আর্থিক অনিয়ম এবং দুর্নীতির শামিল। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্ত করে উপজেলা নির্বাহী অফিসার, মিরপুর, কুষ্টিয়া এর কার্যালয়ে সংযুক্ত করা হলো। একইসাথে আত্মসাৎকৃত মোট ১৪,৮৮,৫৫১/- (চৌদ্দ লক্ষ আটশি হাজার পঁচাত্তর একান্ন) টাকা আগামী ০৭(সাত) দিনের মধ্যে যথাযথ খাতে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো।

৩. সরকারি অর্থ আত্মসাতের কারণে কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪. আত্মসাৎকৃত অর্থ আদায়পূর্বক যথাযথ খাতে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মিরপুর, কুষ্টিয়া-কে অনুরোধ করা হলো। উক্ত অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে অভিযুক্ত জনাব এনামুল হক মনির বিরুদ্ধে দুর্নীতি দমন আইনের সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করার অনুমতি প্রদান করা হলো।

২৫-৫-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

জনাব এনামুল হক মনি, মাঠ সহকারী
মিরপুর, কুষ্টিয়া।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০২৩.১৯.১৮৭/১

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৬

২৩ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, কুষ্টিয়া।

- ৬) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মিরপুর, কুষ্টিয়া।
৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মিরপুর, কুষ্টিয়া।
৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মিরপুর, কুষ্টিয়া।



২৫-৫-২০১৯

আকবর হোসেন
প্রকল্প পরিচালক